প্রথম আলো

তারিখ 18 JUL 2017 পৃষ্ঠা 4 কলাম 2

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# 'সম্মানজনক সমাধানের' আশ্বাসে শিক্ষার্থীদের অনশন ভঙ্গ

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●**

চলমান সংকটের 'সম্মানজনক সমাধানে' বিশ্ববিদ্যালয় প্রশাসনের আশ্বাসের পরিপ্রেক্ষিতে গতকাল সোমবার সন্ধ্যায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আটজন শিক্ষার্থী অনশন ভঙ্গ করেছেন।

উপাচার্যের বাসভবনে ভাঙচুর ও শিক্ষক লাঞ্ছনার অভিযোগে শিক্ষার্থীদের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহারের দাবিতে তাঁরা গত শনিবার থেকে অনশন শুরু করেন।

গতকাল সন্ধ্যা পৌনে সাতটার দিকে বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য, কোষাধ্যক্ষ, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক পানি খাইয়ে শিক্ষার্থীদের অনশন ভঙ্গ করান। এ সময় সহ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক মো. আমির হোসেন বলেন, 'এই পরিস্থিতিতে সম্মানজনক সমাধানের জন্য যা প্রয়োজন, তা-ই করতে ব্যক্তিগতভাবে আমি, কোষাধ্যক্ষ, শিক্ষক সমিতিসহ অন্যান্য শিক্ষক সর্বাত্মক চেষ্টা করব।' তিনি বলেন, 'বর্তমান পরিস্থিতিতে শিক্ষক সমিতি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। অনশনরত ও আন্দোলনরত শিক্ষার্থীদের প্রতি কৃতজ্ঞতা জানাই। আমাদের আশ্বাসে আশ্বস্ত হয়ে তাঁরা অনশন প্রত্যাহার করেছেন।'

এর পরিপ্রেক্ষিতে অনশনকারী শিক্ষার্থী সরদার জাহিদুল ইসলাম বলেন, 'স্যারের বক্তব্যের প্রতি যথেষ্ট শ্রদ্ধা রেখেই বলছি, যদি সাত দিনের মধ্যে আশানুরূপ ফল না দেখা যায়, তবে আবারও অনশনে বসতে আমরা পিছপা হব না।'

এরপর বক্তব্য দেন সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক নাসিম আখতার হোসাইন। প্রশাসনের পক্ষ থেকে এ সময় উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক। এ ছাড়া শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ আহমদ ও সাধারণ সম্পাদক ফরিদ আহমেদ উপস্থিত ছিলেন।

এর আগে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রতিনিধিদল সন্ধ্যা ছয়টার দিকে শহীদ মিনারে গিয়ে অনশনকারীদের সঙ্গে কথা বলে। সমিতির সভাপতি বলেন, 'শিক্ষক সমিতি শুরু থেকেই শিক্ষার্থীদের বিরুদ্ধে মামলা তুলে নেওয়ার পক্ষে। আমরা দুই পক্ষের সঙ্গে কথা বলছি।' সমিতির সাধারণ সম্পাদক বলেন, 'মামলার বিষয়ে রাষ্ট্রপক্ষের সঙ্গে কথা বলে করণীয় নির্ধারণ করতে আমরা প্রশাসনকে অনুরোধ করেছি। একই সঙ্গে চলমান সংকটের একটি গ্রহণযোগ্য সমাধানের কথাও আমরা বলেছি।'

অনশনে গতকাল বেলা দুইটার দিকে আরও তিন শিক্ষার্থী যোগ দেন। এ নিয়ে অনশনকারীর সংখ্যা আটজনে দাঁড়ায়।

**বিচারের দাবিতে শিক্ষকদের মৌন মিছিল**

শিক্ষার্থীদের বিচারের দাবিতে ক্যাম্পাসে মৌন মিছিল করেন বিশ্ববিদ্যালয়ের আওয়ামী লীগপন্থী শিক্ষকেরা। গতকাল দুপুর সাড়ে ১২টার দিকে সমাজবিজ্ঞান অনুষদ চত্বর থেকে 'বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ'-এর ব্যানারে মিছিলটি বের হয়।